শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

# নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

**বেগমগঞ্জ, নোয়াখালী।**

টেলিফোনঃ ০৩২১-৫২২১২, ফ্যাক্সঃ ০৩২১-৫৩৬৫৯, ই-মেইলঃ gm.noa.pbs@gmail.com, ওয়েব সাইট: www. pbs.noakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.১৯. ৪৮৬৩

১৯/০৮/২০১৯ খ্রিঃ

তরিখঃ ০৪/০৫/১৪২৬ বঙ্গাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি "

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে **"ডাটা এন্ট্রি অপারেটর"** ও **"সহকারী ক্যাশিয়ার"** এর শূন্য পদে নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট-এ (www.pbs.noakhali.gov.bd) প্রদত্ত নির্ধারিত ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণকৃত আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা/প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | "ডাটা এন্ট্রি অপারেটর" (মহিলাদের জন্য সংরক্ষিত)। | ০৩ টি (কম/বেশী হতে পারে) | ১৬ সেপ্টেম্বর' ১৯ খ্রিঃ তারিখে বয়স অনুর্ধ্ব ৩০ বছর তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/= ৩২,৭৪০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | এসএসসি বা সমমান ও এইচ এস সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ২.৫০ থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার এবং কম্পিউটার অপারেটিং সিষ্টেম সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান সহ ওয়ার্ড প্রসেসিং এ ভাল জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং স্পীড প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। বাংলা ও ইংরেজীতে ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য তৈরীতে দক্ষ, কম্পিউটারের ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, নথি, যোগাযোগ, তথ্য ও ফাইল ফোল্ডার সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে দক্ষতা ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। |
| ০২ | "সহকারী ক্যাশিয়ার" (মহিলাদের জন্য সংরক্ষিত)। | ০৩ টি (কম/বেশী হতে পারে ) | ১৬ সেপ্টেম্বর' ১৯ খ্রিঃ তারিখে বয়স অনুর্ধ্ব ৩০ বছর তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/- ৩২,৭৪০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | এসএসসি বা সমমান ও এইচ এস সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ২.৫০ থাকতে হবে। প্রার্থীকে গণিতে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং অফিসের যন্ত্রপাতি সমূহ পরিচালনার অভিজ্ঞতা আবশ্যক, প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ টি ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/= (দশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হইবে। সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরৎ প্রদান করা হবে। প্রার্থীকে বিনয়ের সাথে প্রফুল্ল চিত্তে গ্রাহক সেবা দিতে সক্ষম হতে হবে। |

**শর্তাবলী :**

০১। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ১৮,৩০০/= (আঠারো হাজার তিনশত) টাকা মূল বেতন সহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথ ভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট,সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব স্যালারী প্যার্টানের নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিতকরণ করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কোন পূর্বনোটিশ ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে।

০২। উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। তবে সেই ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের তার পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৩। নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফরমে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪। অসম্পূর্ন আবেদন তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথ ভাবে পূরন না করা হলে বা আংশিক পূরন করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত/ ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেইক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৫। আবেদন পত্র আগামী ১৬/০৯/২০১৯ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর বরাবর ডাক যোগে অথবা কুরিয়ারে পৌঁছাতে হবে। এর পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

০৬। খামের উপর প্রার্থীত পদের নাম সু-স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং আবেদন পত্র A4 সাইজের খামে প্রেরণ করতে হবে।

০৭। প্রার্থী মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

০৮। আবেদন পত্রের সঙ্গে (ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি (খ) এসএসসি বা সমমান ও এইচ এস সি বা সমমান সনদের কপি (মার্কশীট ও প্রশংসা পত্র গ্রহনযোগ্য নহে), (গ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের কপি (ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি, (ক হতে ঘ পর্যন্ত ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামসহ সীল দিয়ে সত্যায়িত হতে হবে) এবং (ঙ) প্রতি পদের বিপরীতে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০/= (একশত) টাকা মূল্যমানের ডিডি/পে-অর্ডার জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, নোয়াখালী-এর অনুকূলে সংযুক্ত করতে হবে। ডিডি/পে-অর্ডার ব্যতীত আবেদন পত্র প্রেরণ করা হলে তা গ্রহণ করা হবে না।

০৯। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন সময়ে কোন জেলা কোটার প্রাপ্যতা পূর্ন হলে সেই জেলার আবেদন বিবেচনা করা হবে না।

১০। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ, তদবীর বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে অযোগ্যতা বলে গণ্য করা হবে।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসম্পূর্ন, অসত্য, বা অসঙ্গতিপূর্ন প্রমানিত হলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্য মূলক তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তী যেকোন সময় বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। জেলা কোটার প্রাপ্যতা না থাকায় নরসিংদী, মাদারীপুর, টাংগাইল, রাংগামাটি, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, নাটোর, যশোর এবং ভোলা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। উল্লেখ্য যে, পরবর্তীতে যে কোনো পদে লোক নিয়োগের কারণে বা অন্য কোনো কারণে জেলা কোটা পূরণ হলে সে জেলার আবেদন বিবেচনা করা হবে না।

১৪। নোয়াখালী পবিসের ভৌগোলিক এলাকার অভ্যন্তরে স্থায়ীভাবে বসবাসরত (নোয়াখালী জেলার বেগমগঞ্জ, সোনাইমুড়ী, চাটখিল, সেনবাগ, সুধারাম, কোম্পানীগঞ্জ, কবিরহাট ও সুবর্ণচর, হাতিয়া উপজেলার চানন্দী ও হরনী ইউনিয়ন এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলার চর দরবেশ ইউনিয়নের পশ্চিম চর দরবেশ গ্রাম) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১৫। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই ।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারনে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়।

১৮। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯.৮.১৯

প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।

০১। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র,জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ----------------- পবিস-১/২/৩/৪ ।
০৫। ডিজিএম-চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/কবিরহাট জোনাল অফিস/সদর দপ্তর (কারিগরী), নপবিস।
০৬। এজিএম-চন্দ্রগঞ্জ সাব-জোনাল অফিস, নপবিস।
০৭। সকল বিভাগীয় প্রধান, নপবিস।
০৮। নোটিশ বোর্ড, সদর দপ্তর/ ওয়েব সাইটঃ www.pbs.noakhali.gov.bd.
০৯। ওয়েবসাইট, নোয়াখালী পবিস-সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি) আগামী ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে পবিস ও বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১০। অফিস কপি/ মাষ্টার কপি।

১৯.৮.১৯

প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

\D:\রেহানা\এইচআর বিভাগ\02-008 (সকল নিয়োগ বিজ্ঞপ্তি).doc